আজকের কাগজ

তারিখ 23 AUG 1994
পৃষ্ঠা ১০ কলাম ৪

14

# মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষার অতিরিক্ত খাতা খোলা বাজারে

জামালপুর জেলার মেলান্দহ থানার শিহাটা বাজারে বাংলাদেশ মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষার অতিরিক্ত খাতা পাওয়া গেছে। জনৈক মাদ্রাসা শিক্ষক শিহাটা বাজারের এক দোকানে কিছু কিনতে গিয়ে পরীক্ষার খাতা দেখতে পায় এবং খাতার কথা দোকানদারকে জিজ্ঞাসা করলে দোকানদার সের দরে কেনার কথা জানায়। পরে শিক্ষক দোকানদারের কাছ থেকে ২৪টি এবং পরদিন আরো কিছু খাতা কিনে নেয়। খাতাগুলো ১৯৯৪ সালে দাখিল পরীক্ষায় ব্যবহারের জন্যে নির্ধারিত ছিল বলে মনে হয়। ২/১টি খাতায় হল পরিদর্শকের স্বাক্ষর রয়েছে। তবে অন্য কোনো লেখা বা রোল নং উল্লেখ নেই। সবগুলোর অতিরিক্ত খাতাই প্রথম পাতা। এর মধ্যে ক্রমাকৃত ৫টি খাতার ক্রমিক নং শি-০১৮৩৭৯৫, শি-০১৮৩৮১৯, শি-০১৮৩৭৯০, শি-০১৮৩৭৯৫ এবং শি-০১৮৩৮১৯। এ ব্যাপারে মেলান্দহের একমাত্র মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র মালঞ্চ আলীয়া মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল জানান, কোনক্রমেই পরীক্ষার খাতা বাইরে থাকার কথা নয়। এ সময় প্রিন্সিপালকে মাদ্রাসায় পাওয়া যায়নি। মেলান্দহ থেকে রেজাউল করিম।